

গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিচালক, সম্প্রসারণ-এর দপ্তর
প্রাণিসম্পদ অধিদপ্তর
কৃষিখামার সড়ক, ফার্মগেট, ঢাকা-১২১৫।

নংঃ ৩৩.০১.০০০০.২০০.০০৬.০০১.১৫.৪১৯

তারিখঃ ১৯/০৫/২০১৬ খ্রিঃ

মহাপরিচালক
প্রাণিসম্পদ অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।

বিষয়ঃ প্রাণিসম্পদ অধিদপ্তরের ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে আপনার সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গত ১৯.০৫.২০১৬ তারিখ পরিচালক (সম্প্রসারণ) এর সভাপতিত্বে প্রাণিসম্পদ অধিদপ্তরের ইনোভেশন টিমের একটি সভা অনুষ্ঠিত হয়। কর্মকর্তাদের তালিকাসহ উক্ত সভার কার্যবিবরণী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলো।

সংযুক্তিঃ

১. সভার কার্যবিবরণী- দুই পৃষ্ঠা

স্বাক্ষরিত/

(বিশ্বজিৎ ভট্টাচার্য্য)
পরিচালক (সম্প্রসারণ)

ও

সভাপতি, ইনোভেশন টিম, প্রাণিসম্পদ অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।

জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপিঃ

- ১। ডাঃ মোঃ সহিদুল ইসলাম, উপপরিচালক (প্রাণিস্বাস্থ্য ও প্রশাসন-১), প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ২। ডাঃ মোঃ রফিকুল ইসলাম, প্রকল্প পরিচালক, সিডিএমপি-২, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ৩। ড. মোঃ আবু সুফিয়ান, অতিরিক্ত জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, যশোর, সমন্বয়কঃ ইনোভেশন টিম, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ৪। মোঃ সোহরাব হোসেন, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি ও সার্ভার শাখা, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ৫। অভিজিত কুমার মোদক, বৈজ্ঞানিক কর্মকর্তা, এলই শাখা, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।

প্রাণিসম্পদ অধিদপ্তরের ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী

সভাপতি	বিশ্বজিৎ ভট্টাচার্য্য, পরিচালক (সম্প্রসারণ), প্রাণিসম্পদ অধিদপ্তর
তারিখ	১৯/০৫/২০১৬ খ্রিঃ
সময়	সকাল ৯:৩০ ঘটিকা
স্থান	পরিচালক-এর অফিস কক্ষ

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকাঃ

ক্রমিক নং	কর্মকর্তার নাম ও পদবী	স্বাক্ষর
০১.	ডাঃ মোঃ সহিদুল ইসলাম, উপপরিচালক (প্রাণিস্বাস্থ্য ও প্রশাসন-১), প্রাণিসম্পদ অধিদপ্তর ও সদস্য, ইনোভেশন টিম	স্বাক্ষরিত
০২.	ডাঃ মোঃ রফিকুল ইসলাম, প্রকল্প পরিচালক, সিডিএমপি-২, প্রাণিসম্পদ অধিদপ্তর ও সদস্য, ইনোভেশন টিম	স্বাক্ষরিত
০৩.	ড. মোঃ আবু সুফিয়ান, অতিরিক্ত জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, যশোর, সমন্বয়কঃ ইনোভেশন টিম, প্রাণিসম্পদ অধিদপ্তর	স্বাক্ষরিত
০৪.	মোঃ সোহরাব হোসেন, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি ও সার্ভার শাখা প্রাণিসম্পদ অধিদপ্তর ও সদস্য সচিব, ইনোভেশন টিম	স্বাক্ষরিত
০৫.	অভিজিত কুমার মোদক, বৈজ্ঞানিক কর্মকর্তা, এলই শাখা, প্রাণিসম্পদ অধিদপ্তর	স্বাক্ষরিত

সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম আরম্ভ করেন। তিনি জানান প্রাণিসম্পদ অধিদপ্তরের ইনোভেশন সংক্রান্ত কার্যক্রম নিয়ে একটি কর্মশালা আগামী ২১/০৫/২০১৬ অনুষ্ঠিত হবে। উক্ত কর্মশালায় সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রনালয় প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন। মন্ত্রীপরিষদ বিভাগের ভারপ্রাপ্ত সচিব (সমন্বয় ও সংস্কার) জনাব এনএম জিয়াউল আলম বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন। উক্ত কর্মশালাটি ভালভাবে সম্পন্ন করার জন্য ইনোভেশন কমিটির সকল সদস্য কে আন্তরিকভাবে কাজ করার জন্য আহবান জানান।

ড. মোঃ আবু সুফিয়ান, সমন্বয়ক, ইনোভেশন টিম, প্রাণিসম্পদ অধিদপ্তর সভায় জানান, সারা দেশে ২৬ টি ইনোভেশন উদ্যোগ চলমান আছে। মাঠ পর্যায়ে ইনোভেটরদের তাদের কাজের অগ্রগতি সম্পর্কিত রিপোর্ট প্রদানের জন্য পত্র প্রেরণ করা প্রয়োজন। তিনি আরও জানান, উক্ত কর্মশালায় ইনোভেটরদের কার্যক্রম শো-কেসিং এর মাধ্যমে প্রদর্শনের ব্যবস্থা করা হবে। এই কর্মশালার জন্য এটুআই প্রোগ্রাম, প্রধানমন্ত্রী কার্যালয় সার্বিক সহযোগিতা প্রদান করবে বলে জানানো হয়েছে।

ডাঃ মোঃ সহিদুল ইসলাম, উপপরিচালক (প্রাণিস্বাস্থ্য ও প্রশাসন-১), প্রাণিসম্পদ অধিদপ্তর ও সদস্য, ইনোভেশন টিম সভায় জানান, মাঠ পর্যায়ে ইনোভেটরদের সাথে বিভাগীয় উপপরিচালকদের কে উক্ত কর্মশালায় অংশগ্রহণের প্রয়োজনীয়তার গুরুত্ব তুলে ধরেন। তিনি জানান, ইনোভেশন কার্যক্রমে সকলের সম্মিলিত প্রচেষ্টা খুবই প্রয়োজন। তিনি আরও জানান “ইউনিয়ন প্রাণিসম্পদ সেবাকেন্দ্র প্রতিষ্ঠা” শীষক ইনোভেশন উদ্যোগটি মাঠ পর্যায়ে রেল্লিকেশনের জন্য দ্রুত সিদ্ধান্ত নেয়া হবে।

২। এতদবিষয়ে আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহীত হয়ঃ-

- ১) আগামী ২১/০৫/২০১৬ ইং তারিখের কর্মশালার জন্য মাঠ পর্যায়ের ইনোভেটরদের পত্র প্রেরন করা হবে। উপপরিচালক (প্রাণিস্বাস্থ্য ও প্রশাসন-১), প্রাণিসম্পদ অধিদপ্তর, প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করবেন।
- ২) উক্ত কর্মশালার জন্য একটি **working paper** তৈরি করা হবে। সমন্বয়ক, ইনোভেশন টিম, প্রাণিসম্পদ অধিদপ্তর, প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করবেন।
- ৩) উক্ত কর্মশালার **venue** নির্ধারনের জন্য উপপরিচালক (প্রাণিস্বাস্থ্য ও প্রশাসন-১), প্রাণিসম্পদ অধিদপ্তর, প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করবেন।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপনের মধ্য দিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/

(বিশ্বজিৎ ভট্টাচার্য্য)
পরিচালক (সম্প্রসারণ)ও
সভাপতি, ইনোভেশন টিম,
প্রাণিসম্পদ অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।